পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4079
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

---

মেমো নং:-১৭৪৩/শা- ২(ক)/প.

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২ / ০৩ নভেম্বর ২০২৫

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

**বিষয়: ২০২৪ সনের ২য় বর্ষ সম্মান নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।**

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অধ্যক্ষ, ঢাকা কলেজ ও সরকারি ৭ (সাত) কলেজের অন্তর্বর্তীকালীন প্রশাসকের সুপারিশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০২৪ সনের ২য় বর্ষ সম্মান নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু পরীক্ষার্থীদেরকে পরীক্ষার আবেদন ফরম অনলাইনে পূরণ করে ০৪-১১-২০২৫ তারিখ থেকে ১১-১১-২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে। আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো:

**পরীক্ষার ফি ও অন্যান্য ফি'র হার**

| ক্রমিক নং | পরীক্ষার ফি এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি পত্র প্রতি) | ৩০০/- | ০৪-১১-২০২৫ হতে ১১-১১-২০২৫ পর্যন্ত। | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশনের শেষ তারিখ: ১৩-১১-২০২৫ এবং ব্যাংক ড্রাফটের শেষ তারিখ: ১৭-১১-২০২৫ |
| ০২ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি অর্ধ পত্র) | ১৫০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | |
| ০৪ | মৌখিক পরীক্ষার ফি (প্রযোজ্য ক্ষেত্রে) বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ২০০/- | | |
| ০৫ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (মানোন্নয়ন / গ্রেড উন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স ফি'র অতিরিক্ত) বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৫০০/- | | |
| ০৬ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | | |
| ০৭ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী– কলেজে জমা হবে। ১. কলেজের জন্য- ৩০০/-<br>২. কেন্দ্রের জন্য- ৪৫০/- | ৭৫০/- | | |
| ০৮ | কেন্দ্র ফি- ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | |
| ০৯ | নন-কলেজিয়েট ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ১৫০০/- | | |
| ১০ | নম্বরপত্র ফি (প্রযোজ্য ক্ষেত্রে) | ৪৫০/- | | |

বি:দ্র: ২০২৪ সনের ২য় বর্ষ পরীক্ষায় যে সকল শিক্ষার্থী নম্বরপত্র নিতে ইচ্ছুক/ ইচ্ছুক নয় তা ফরমপূরণের সময় স্পষ্ট করে উল্লেখ করতে হবে। যারা নিতে ইচ্ছুক তাদের নম্বরপত্র ফি প্রদান করতে হবে যারা ইচ্ছুক নয় তাদের নম্বরপত্র ফি দিতে হবে না।

## নিম্নোক্ত নিয়মাবলী অনুযায়ী ফরম ও ফি দাখিল করতে হবে

## পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

### নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সনের ১ম বর্ষ সম্মান পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা ২য় বর্ষ সম্মান ২০২৪ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও ২০২৩ সনের ১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত/ অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে অকৃতকার্য/ নট-প্রমোটেড বিজ্ঞান অনুষদের যে সকল শিক্ষার্থীর সর্বোচ্চ ০৪টি পত্রে "F" গ্রেড এবং অন্যান্য অনুষদের যে সকল শিক্ষার্থীর সর্বোচ্চ ০৩টি পত্রে "F" গ্রেড রয়েছে সে সকল শিক্ষার্থীরাও ২০২৪ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে **৭৫%** উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি **৬০%-৭৪%** এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং **"নন-কলেজিয়েট"** ফি প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসেবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

### অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০২০-২০২১, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী ১ম বর্ষ সম্মান ২০২১, ২০২২ সনের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২২, ২০২৩ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে নাই অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০২৪ সনের ২য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

### মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

ক) যে সকল শিক্ষার্থী ২০২৩ সনের ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত হিসেবে উত্তীর্ণ হয়েছে তারা সংশ্লিষ্ট অনুষদের নিয়ম অনুসারে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **২০২২ সনের ২য় বর্ষ** পরীক্ষায় **নিয়মিত/অনিয়মিত** হিসেবে অংশগ্রহণ করে উত্তীর্ণ কোন শিক্ষার্থী যদি ২০২৩ সনের ২য় বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ না করে থাকে তাহলে উক্ত শিক্ষার্থী ২০২৪ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং ২০২২ সনের ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী এক বা একাধিক পত্রে অকৃতকার্য হয়ে ২০২৩ সনের ২য় বর্ষে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারাও ২০২৪ সনের ২য় বর্ষে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

*** **ব্যবহারিক/ ইনকোর্স/ মৌখিক/ মাঠকর্ম/ টিউটোরিয়াল/ অ্যাসাইনমেন্ট পরীক্ষায় "F" গ্রেড ব্যাতিত গ্রেড উন্নতিকরণের কোন সুযোগ নাই।**

- ✓ কলা অনুষদের ক্ষেত্রে (D থেকে B-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ সামাজিক বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে B) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে C+) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ ব্যবসায় শিক্ষা অনুষদের ক্ষেত্রে (D থেকে A-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

খ) ২০২৩ সনের ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত/ অনিয়মিত হিসেবে অংশগ্রহণ করে অকৃতকার্য/ নট-প্রমোটেড বিজ্ঞান অনুষদের যে সকল শিক্ষার্থীর ০৪টির অধিক পত্রে "F" গ্রেড প্রাপ্ত/ অনুপস্থিত রয়েছে এবং অন্যান্য অনুষদের যে সকল শিক্ষার্থী ০৩টির অধিক পত্রে "F" গ্রেড প্রাপ্ত/ অনুপস্থিত রয়েছে তারা সকল পত্রে অংশগ্রহণের পরিবর্তে শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত/ অনুপস্থিত পত্রে অংশগ্রহণ করতে পারবে । **তবে কোন শিক্ষার্থী যদি চায় পূণঃভর্তি হয়ে সকল পত্রে অংশগ্রহণ করতে পারবে।**

গ) ২০১৮-২০১৯ হতে পরবর্তী শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থীর যদি ইতোপূর্বে ২য় বর্ষ পরীক্ষায় কৃতকার্য হয়ে কোন পত্র/ পত্রসমূহে "F" গ্রেড/ অনুপস্থিত থাকে তাহলে তারা শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত/ অনুপস্থিত কোর্সে ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এখানে উল্লেখ্য যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে কিন্তু এখনো তার ২য় বর্ষে কোন পত্রে "F" গ্রেড প্রাপ্ত/ অনুপস্থিত রয়েছে তারা শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত/ অনুপস্থিত পত্রে ২০২৪ সনের ২য় বর্ষ পরীক্ষায় ২৫০০/- টাকা জরিমানা (ফরমপূরণের ফি এর অতিরিক্ত) প্রদান সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

## অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য)

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে সাইন আপ করে (পূর্বে সাইন আপ করা থাকলে লগইন করে) নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ (এন্ট্রি ফরম) দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **১০/১১/২০২৫** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ (সকল ফলাফলের অনলাইন কপি) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

## কলেজের জন্য করণীয়

**অনলাইনে পূরণকৃত আবেদন ফরম ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):**

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7College.du.ac.bd) Form Fill-up লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী **(পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী)** পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

## ফি জমাদানের পদ্ধতি

২০২৪ সালের ২য় বর্ষ সম্মান পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষকে "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। **ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee)** হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

## ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ

সকল পরীক্ষার্থীদের (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন) ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ একটি ইন-কোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি দিয়ে ভেরিফাই করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ভেরিফাই করার শেষ তারিখের পর অনলাইন থেকে ইনকোর্স নম্বরের তালিকা ডাউনলোড করে বিভাগীয় প্রধান এবং কলেজ অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর এক কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও দুই কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

বি: দ্র: কলেজ কর্তৃক ভেরিফাই করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। ২য় বর্ষের ফরমপূরণের শর্তাবলী পূরণ করেনি এমন কোন শিক্ষার্থীর ডাটা ভেরিফাই করা যাবে না। এ ধরনের কোন শিক্ষার্থীর ডাটা ভেরিফাই করলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

আপনার বিশ্বস্ত

03 NOV 2025

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

03.11.2025 03.11.2024